



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২১১০৪



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/ ৩ ২৬২/ ময়মনসিংহ-২৩২/৪

তারিখঃ ২৫.০৫.২০১৯খ্রিঃ

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের লক্ষ্যে শুনানীতে অংশগ্রহণের জন্য স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৩২২২/৭/ময়মনসিংহ-২৩২; তারিখ: ০৩.০৪.২০১৯

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আল-কারিমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসার সুপার মাওলানা আবদুস ছোবহান (বরখাস্তকৃত) বিগত ২৮-১০-২০১৮ খ্রি. তারিখের আবেদন ও যোগদান পত্র গ্রহণ না করায় অত্র বোর্ডে আপিল আবেদন দাখিল করেছেন। আবেদনে তিনি উল্লেখ করেন যে, অর্থ আত্মসাতের অভিযোগে বিগত ২১-০১-১৯৯৫ খ্রি. তারিখে শোকজবিহীন সাময়িকভাবে বরখাস্ত করা হয়। ম্যানেজিং কমিটি কর্তৃক ০৬-১২-১৯৯৫ খ্রি. তারিখে গঠিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি ০১-১২-১৯৯৫ খ্রি. তারিখ প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনের তীকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করে চাকুরিতে পুনঃবহালের সুপারিশ করে। উক্ত প্রতিবেদনের আলোকে তিনি যোগদান করতে গেলে ভারপ্রাপ্ত সুপার তীকে যোগদান করতে বাধা দেয়। পরবর্তীতে অত্র বোর্ড কর্তৃক অনুমোদন পাওয়ার পর মাদ্রাসা পরিচালনা কমিটি চূড়ান্ত বরখাস্ত করে বেতন-ভাতা বন্ধ করলেও অদ্যাবধি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত বরখাস্তের আদেশ জারি করা হয়নি। এছাড়াও ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দায়ের করা দস্তবিধির ৪২০/৪০৬ ধারায় মামলা নয়-৬৪ (১২)০১, জিআর নং-৯৮৯/২০০১ আদালত কর্তৃক খারিজ হয় এবং তীকে অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া হয়। সুপার মাওলানা আবদুস ছোবহান (বরখাস্তকৃত) এর আপীল আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত স্মারকে ভারপ্রাপ্ত সুপারকে লিখিত ব্যাখ্যা দাখিলের জন্য পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার অত্র বোর্ডে জবাব দাখিল করেছেন। ভারপ্রাপ্ত সুপার উল্লেখ করেন-হাইকোর্ট ডিভিশনের রায়ের বিরুদ্ধে আপীল বিভাগে আনীত রিট পিটিশন সমুহ খারিজ হওয়ায় সুপার মাওলানা আবদুস ছোবহান (বরখাস্তকৃত) এর যোগদান পত্রটি সম্পূর্ণ বেআইনি এবং তার যোগদানপত্র গ্রহণ সমীচীন নয় (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন-৩২৪/২০১৯ এ প্রদত্ত আদেশ বাস্তবায়ন ও স্ট্রট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য আগামী ১১/০৬/২০১৯ ইং রোজ মঙ্গলবার বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

ole

মোঃ মজিবুর রহমান

মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

১। সভাপতি/ ভারপ্রাপ্ত সুপার, ম্যানেজিং কমিটি, আল-কারিমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: চরঘাগড়া, উপজেলা: সদর, জেলা: ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ / ময়মনসিংহ-২৩২/

তারিখঃ .০৫.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ।
৫. জনাব মো: আ: ছোবহান (বরখাস্তকৃত সুপার), আল-কারিমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসা,
ডাকঘর: ভোলার আলগী, উপজেলা: গৌরীপুর, জেলা: ময়মনসিংহ।
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬৭৪৮৭৪